যুগান্তর

তারিখ 25 NOV 2017
পৃষ্ঠা 2 কলাম 2

# সরকারি কলেজে কাল থেকে দু'দিনের কর্মবিরতি

## 'নো বিসিএস, নো ক্যাডার'

**যুগান্তর রিপোর্ট**

জাতীয়করণ করা বেসরকারি কলেজের শিক্ষকদের বিসিএস শিক্ষা ক্যাডারে অন্তর্ভুক্ত করা হলে আন্দোলনে নামার হুমকি দিয়েছেন বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সদস্যরা। শুক্রবার সকালে কেন্দ্রীয় শহীদ মিনারে 'নো বিসিএস, নো ক্যাডার' স্লোগানে সমাবেশ করেছেন এ সমিতির সদস্যরা। সমাবেশে সারা দেশ থেকে প্রায় পাঁচ হাজার সদস্য উপস্থিত হন। বিসিএস পরীক্ষা ছাড়া জাতীয়করণের মাধ্যমে ক্যাডারভুক্তির প্রতিবাদে এ সমাবেশ হয়। সমাবেশ থেকে আগামীকাল রোববার ও সোমবার দু'দিন পূর্ণ দিবস কর্মবিরতি পালনের ঘোষণা দেন সরকারি কলেজের শিক্ষকরা। তাদের দাবি, সংশ্লিষ্ট কলেজের শিক্ষকদের শিক্ষা ক্যাডারে অন্তর্ভুক্ত না করে দ্রুত স্বতন্ত্র বিধিমালা প্রণয়ন করতে হবে। সরকারের পক্ষ থেকে জাতীয়করণের মাধ্যমে আসা শিক্ষকদের ক্যাডারভুক্ত করা বা সাংঘর্ষিক কোনো সিদ্ধান্ত নেয়া হলে লাগাতার কর্মবিরতির হুশিয়ারিও দেন সমিতির নেতারা। সমাবেশে বিসিএস সাধারণ শিক্ষা সমিতির মহাসচিব শাহিদুল খবির চৌধুরী বলেন, 'আমরা জাতীয়করণকে স্বাগত জানাই। শিক্ষার উন্নয়নে যা কিছু ভালো তার সঙ্গে থাকতে চাই। কিন্তু এর মাধ্যমে কোনোভাবেই এ শিক্ষকদের ক্যাডারভুক্ত করা যাবে না। এ দাবিতে আগামীকাল রোব ও সোমবার দেশের সব সরকারি কলেজে পূর্ণ দিবস কর্মবিরতি পালন করা হবে। তার পরও যদি নতুন করে জাতীয়করণ করা কলেজের শিক্ষকদের বিসিএস শিক্ষা ক্যাডারে অন্তর্ভুক্তির ঘোষণা বহাল থাকে তাহলে লাগাতার আন্দোলন, ধর্মঘট, কর্মবিরতি পালন করে যাব আমরা।' সমিতির সভাপতি প্রফেসর আইকে সেলিম উল্লাহর সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন সমিতির নেতা প্রফেসর মাসুম এ রাব্বানী খান, শচীন কুমার রায়, সুমন বড়ুয়া, ড. লোকমান ভূইয়া, ড. মীর মাহফুজুল হক, এ এস এম এমদাদুল কবির, অলিউল্লাহ মোহাম্মদ আজমতগীর, মনিরা বেগম, খান রফিক, শহিদুল্লাহ প্রমুখ। এ ছাড়াও দেশের সবক'টি জেলা থেকে আসা কমিটির সভাপতি-সাধারণ সম্পাদকরা বক্তব্য রাখেন।